

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 13-05-2024  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Election:**

লোকসভা নির্বাচনের আজ চতুর্থ দফার ভোটগ্রহণ সকাল ৭টা থেকে শুরু হয়েছে। সন্ধ্যা ৬টা পর্যন্ত ভোটগ্রহণ চলবে। নয়টি রাজ্য এবং একটি কেন্দ্রশাসিত অঞ্চলে ৯৬টি লোকসভা আসনে ভোটগ্রহণ করা হচ্ছে। এর মধ্যে অন্ধ্রপ্রদেশের ২৫টি, তেলেঙ্গানায় ১৭টি, উত্তর প্রদেশের ১৩টি, মহারাষ্ট্রে ১১টি, মধ্যপ্রদেশ ও পশ্চিমবঙ্গে আটটি করে আসন, বিহারে ৫টি, ঝাড়খন্ড ও ওড়িশায় চারটি করে আসন এবং জম্মু ও কাশ্মীরের একটি আসন রয়েছে। চতুর্থ দফায় মোট ১,৭১৭ জন প্রার্থী রয়েছেন।

এদিকে, অন্ধ্রপ্রদেশের বিধানসভা নির্বাচনে ১৭৫টি আসনের সবকটিতেই এবং ওড়িশ্যা বিধানসভা নির্বাচনে ১৪৭টি আসনের মধ্যে ২৮টি আসনে আজ ভোটগ্রহণ করা হবে। চতুর্থ দফার ভোটগ্রহণকে কেন্দ্র করে সংশ্লিষ্ট রাজ্যগুলিতে সব ধরনের প্রস্তুতি নিয়েছে নির্বাচন কমিশন।

\*\*\*\*\*

**Petrol-Diesel:**

পেট্রোল এবং ডিজেলের যোগান রাজ্যের পাম্পগুলোতে আজকের মধ্যে স্বাভাবিক হওয়ার সম্ভাবনা রয়েছে। ভারতীয় তেল নিগমের ধর্মনগর ডিপো থেকে কয়েকটি পাম্পে জরুরি ভিত্তিতে তেল পাঠানো হয়েছিল। গতকাল থেকে সারা রাজ্যের পাম্পগুলোতে তেল পাঠানো হচ্ছে।

\*\*\*\*\*

**NF Railway:**

এন এফ এল এর পক্ষ থেকে জানানো হয়েছে জাটিংগা লামপুর ও নিউ হাফলং রেল স্টেশনের মধ্যে সন্ধ্যা ছয়টা থেকে পরদিন সকাল ৬ টা পর্যন্ত বন্ধ থাকা ট্রেন চলাচল পুনরায় চালু হওয়ায় কিছু ট্রেনের সময়সূচি নতুনভাবে নির্ধারণ করা হয়েছে। সেই অনুযায়ী আগরতলা থেকে ০১০৬৬ নম্বরের আগরতলা ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাসের মধ্যে ট্রেনটি আজ রাত এগারোটা ১০ মিনিটে ছাড়বে। এছাড়া ২০৫০১ নম্বরের আগরতলা আনন্দ বিহার টার্মিনাল তেজস রাজধানী এক্সপ্রেস ট্রেনটির আজ বিকাল ৩:১০ মিনিটের পরিবর্তে রাত ১১:১০ মিনিটে ছাড়বে। শিলচর থেকে বেশ কিছু ট্রেনের সময়সূচি পরিবর্তন করা হয়েছে।

\*\*\*\*\*

#### **Power Meeting:**

প্রাক বর্ষা জনিত পরিস্থিতি মোকাবেলায় গতকাল বিদ্যুৎ সচিব অভিষেক সিং ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড, ত্রিপুরা পাওয়ার ট্রান্সমিশন লিমিটেড এবং ত্রিপুরা পাওয়ার জেনারেশন লিমিটেড এর সমস্ত আধিকারিক এবং প্রকৌশলীদের নিয়ে বৈঠক করেন। আগরতলার প্রজ্ঞাভবনে এই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে এই তিনটি নিগমের বর্তমান অবস্থা নিয়ে পর্যালোচনা করেন তিনি। সারা রাজ্যে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ পরিষেবা প্রদানের উপর গুরুত্বরোপ করা হয়।

\*\*\*\*\*

#### **Haz committee:**

মক্কা শরীফে হজের উদ্দেশ্যে রওনা হলেন রাজ্যের ১০৯ জন হজযাত্রী। আগামী ১৭ মে হজযাত্রীর কলকাতা থেকে সৌদি আরবের উদ্দেশ্যে বিমানে উঠবেন। ত্রিপুরা রাজ্য হজ কমিটির পক্ষ থেকে আগরতলায় হজ ভবনে গতকাল হজ যাত্রীদের সংবর্ধনা দেওয়া হয়। ত্রিপুরা রাজ্য হজ কমিটির চেয়ারম্যান শাহ আলম জানিয়েছেন, এই বছর হজ যাত্রীদের সহযোগিতার জন্য একজন সরকারী প্রতিনিধি ওই দলের সাথে পাঠানো হয়েছে।

\*\*\*\*\*

**MLA Belonia:**

বিলোনীয়ার বিদ্যাপীঠ দ্বাদশ স্কুলের শিক্ষক সুবর্ণ মুড়াসিং গতকাল রাতে আগরতলায় জি বি হাসপাতালে চিকিৎসা চলাকালীন সময়ে মারা যান। বকাফা ব্লকের পতিছড়ির মুড়াসিং পাড়া বাসিন্দা ৫৩ বছর বয়সী সুবর্ণ মুড়াসিং-র মৃত্যুতে গভীর শোক ব্যক্ত করে পরিবার পরিজনদের সমবেদনা জানিয়েছেন বিধায়ক দীপংকর সেন। অনেকদিন ধরেই তিনি কিডনি সংক্রান্ত সমস্যায় ভুগছিলেন।

\*\*\*\*\*

**Under-20 Football:**

ছত্তিশগড়ের নারায়নপুরে স্বামী বিবেকানন্দ জাতীয় অনূর্ধ্ব-২০ বছরের ছেলেদের ফুটবলের গ্রুপের দ্বিতীয় ম্যাচে আজ মাঠে নামবে ত্রিপুরা। এম্যাচে রাজ্যদলের প্রতিপক্ষ আসাম। রামকৃষ্ণ মিশন মাঠে বিকেল ৪টায় হবে খেলাটি। আসরে নিজেদের প্রথম ম্যাচে রাজ্যদল ২-২ গোলে অরুণাচল প্রদেশের সাথে ড্র করে পয়েন্ট ভাগ করেছিলো।

\*\*\*\*\*

**First Division Cricket:**

ঘরোয়া প্রথম ডিভিশন ক্রিকেট প্রতিযোগিতায় আজ তিনটি ম্যাচ হবে। নরসিংগড়ের টিআইটি মাঠে কসমোপলিটন ক্লাব খেলবে চলমান সংঘের বিরুদ্ধে, এমবিবি স্টেডিয়ামে হার্ভে ক্লাব খেলবে ইউনাইটেড বিএসটি-র বিরুদ্ধে এবং নরসিংগড়ের পিটিএ মাঠে ওল্ড প্লে সেন্টার খেলবে বনমালীপুর ক্রিকেট ক্লাবের বিরুদ্ধে।

\*\*\*\*\*

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রী

সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয় ২৪.৯ ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি সঙ্গে ঘণ্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করা হয়েছে।

\*\*\*\*\*

\*\*\*\*\*